# ইসলামিক ফাউন্ডেশন
## প্রশাসন বিভাগ
### প্রশাসন শাখা
### ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

আগারগাঁও, শেরেবাংলানগর, ঢাকা-১২০৭
www.islamicfoundation.gov.bd

সূত্র নং- ১৬.০১.০০০০.০০১.১২.০২৬.২৩- ২৭৭ তারিখ : ২৭ জুলাই ২০২৫

## নিয়োগ বিজ্ঞপ্তি

ইসলামিক ফাউন্ডেশন-এর রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্যপদসমূহে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য পদের পার্শ্বে বর্ণিত শর্তে প্রকৃত বাংলাদেশি নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://ifb.teletalk.com.bd ওয়েবসাইটে) পূরণকৃত আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন (online) ব্যতিত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | ফার্মাসিস্ট<br>১২৫০০-৩০২৩০/-(১১তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৯ (নয়) স্থায়ী পদ | স্নাতক ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রীসহ ফার্মাসিষ্ট ডিপ্লোমা। |
| ২. | হোমিওপ্যাথ<br>১২৫০০-৩০২৩০/-(১১তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০২ (দুই) স্থায়ী পদ | Bangladesh Homeopathic Practitioners Ordinance, 1983 (XLI of 1983)-এর অধীন স্বীকৃত হোমিওপ্যাথিক ইনস্টিটিউশন কর্তৃক প্রদত্ত ডিগ্রী বা ডিপ্লোমা। |
| ৩. | লাইব্রেরী সহকারী<br>১২৫০০-৩০২৩০/-(১১তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৩ (তিন) স্থায়ী পদ | ফাজিল অথবা কামিলসহ লাইব্রেরী সাইন্সে ডিপ্লোমা এবং ক্যাটালগার তৈরির কাজে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪. | রেফারেন্স সহকারী<br>১২৫০০-৩০২৩০/-(১১ম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক) স্থায়ী পদ | ফাজিল অথবা কামিলসহ লাইব্রেরী সাইন্সে ডিপ্লোমা এবং ক্যাটালগার তৈরির কাজে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৫. | সাইলো মেশিনম্যান<br>১২৫০০-৩০২৩০/-(১১তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক) স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ। |
| ৬. | হোমিও কম্পাউন্ডার<br>(ইসলামিক মিশন)<br>১১৩০০-২৭৩০০/-(১২তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ১৪ (চৌদ্দ) স্থায়ী পদ | Bangladesh Homeopathic Practitioners Ordinance, 1983 (XLI of 1983)-এর অধীন স্বীকৃত হোমিওপ্যাথিক ইনস্টিটিউশন কর্তৃক প্রদত্ত হোমিওপ্যাথিতে ডিপ্লোমাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশ। |
| ৭. | লেডী ফার্মাসিস্ট<br>১১৩০০-২৭৩০০/-(১২তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৮ (আট) স্থায়ী পদ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশসহ প্যারামেডিক্যাল বা সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। |
| ৮. | স্টেনোগ্রাফার<br>১১০০০-২৬৫৯০/-(১৩তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক) স্থায়ী পদ | (ক) উচ্চ মাধ্যমিক বা আলীম পাশ।<br>(খ) সাঁটলিপিতে প্রতি মিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৮০ (আশি) ও ৫০ (পঞ্চাশ) শব্দের গতি।<br>(গ) টাইপিং এ প্রতি মিনিটে ইংরেজী ও বাংলায় যথাক্রমে ৩০ (ত্রিশ) ও ২৫ (পঁচিশ) শব্দের গতি। |
| ৯. | হিসাবরক্ষক<br>১১০০০-২৬৫৯০/-(১৩তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ৩২ (বত্রিশ) স্থায়ী পদ | বাণিজ্য বিষয়ে স্নাতক ডিগ্রীসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ১০. | কেয়ারটেকার (ইপ্রএ)<br>১১০০০-২৬৫৯০/-(১৩তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০২ (দুই) অস্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বছরের বাস্তব অভিজ্ঞতাসহ স্নাতক ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রী। |
| ১১. | প্রশিক্ষণ সহকারী<br>১১০০০-২৬৫৯০/-(১৩তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৬ (ছয়) অস্থায়ী পদ | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী বা সমমানের মাদ্রাসা ডিগ্রী;<br>খ) সরকারী, আধা-সরকারী বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে ৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞাতা ;<br>গ) দ্বীনি শিক্ষায় শিক্ষিত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। |
| ১২. | অপারেটর<br>১১০০০-২৬৫৯০/-(১৩তমগ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০২ (দুই) স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ। |
| ১৩. | মেশিনম্যান<br>১১০০০-২৬৫৯০/-(১৩তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৫ (পাঁচ) স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ। |
| ১৪. | মনোকাস্টার<br>১১০০০-২৬৫৯০/-(১৩তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক) স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ। |
| ১৫. | ল্যাবরেটরী টেকনিশিয়ান<br>১০২০০-২৪৬৮০/-(১৪ম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৫ (পাঁচ) স্থায়ী পদ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশসহ ল্যাবরেটরী টেকনিশিয়ান কোর্সে ডিপ্লোমা সার্টিফিকেট। |
| ১৬. | মুয়াজ্জিন<br>১০২০০-২৪৬৮০/-(১৪তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক) স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ আলীম বা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ ইলমে ক্বিরাতে সার্টিফিকেট। |

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১৭. | লেদ মেকার<br>১০২০০-২৪৬৮০/-(১৪তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ। |
| ১৮. | ব্লক মেকার<br>১০২০০-২৪৬৮০/-(১৪তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ। |
| ১৯. | সিকিউরিটি সুপারভাইজার<br>১০২০০-২৪৬৮০/-(১৪তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ এবং সেনাবাহিনীর সুবেদার পদমর্যাদাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ২০. | স্টোর কিপার<br>৯৭০০-২৩৪৯০/-(১৫তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৩ (তিন)<br>অস্থায়ী পদ - ০২<br>স্থায়ী পদ - ০১ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ২(দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশ। |
| ২১. | বিক্রয় সহকারী<br>৯৭০০-২৩৪৯০/-(১৫তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ১৬(ষোল)<br>স্থায়ী পদ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশ। |
| ২২. | ড্রাইভার<br>৯৭০০-২৩৪৯০/-(১৫তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৪ (চার)<br>স্থায়ী পদ | অষ্টম শ্রেণী পাশসহ ভারী ও হালকা মোটরযান চালনায় বৈধ লাইসেন্স ও অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ২৩. | কম্পোজিটর<br>৯৭০০-২৩৪৯০/-(১৫তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৮ (আট)<br>স্থায়ী পদ | মাধ্যমিক সার্টিফিকেট বা দাখিল পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা বলে গণ্য হবে। |
| ২৪. | মেকানিক কাম স্টিচিং কাম অপারেটর<br>৯৭০০-২৩৪৯০/-(১৫তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাশ বা মাদ্রাসা বোর্ডের সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ২৫. | বেইজম্যান<br>৯৭০০-২৩৪৯০/-(১৫তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০২ (দুই)<br>স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ ৮ম শ্রেণী পাশ বা সমমানের মাদ্রাসা শিক্ষা। |
| ২৬. | কম্পাউন্ডার (হোমিও)<br>৯৭০০-২৩৪৯০/-(১৫তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশসহ Bangladesh Homeopathic Practitioners Ordinance, 1983 (XLI of 1983) এর অধীন স্বীকৃত কোন হোমিওপ্যাথিক ইনস্টিটিউশন কর্তৃক প্রদত্ত হোমিওপ্যাথিতে ডিপ্লোমা বা সার্টিফিকেট। |
| ২৭. | স্যানিটারী ইন্সপেক্টর<br>৯৭০০-২৩৪৯০/-(১৫তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশসহ সংশ্লিষ্ট বিষয়ে স্বীকৃত কোন প্রতিষ্ঠান হতে ট্রেড কোর্সধারী হতে হবে। |
| ২৮. | হিসাব সহকারী<br>৯৩০০-২২৪৯০/-(১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ১১ (এগারো)<br>স্থায়ী পদ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে ৪(চার) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ২৯. | অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>৯৩০০-২২৪৯০/-(১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ৭৪ (চুয়াত্তর)<br>অস্থায়ী পদ - ০৪<br>স্থায়ী পদ - ৭০ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশ। প্রতি মিনিটে মুদ্রাক্ষর লিখনে বাংলায় ২০ এবং ইংরেজীতে ২৮ শব্দের গতি।<br>বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে আবেদনের বয়সসীমা সর্বোচ্চ ৪০ (চল্লিশ) বছর। |
| ৩০. | রেকর্ড এবং ডেসপাশ সহকারী<br>৯৩০০-২২৪৯০/-(১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০২ (দুই)<br>স্থায়ী পদ | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ। |
| ৩১. | এল.ডি.এ কাম হিসাব সহকারী<br>৯৩০০-২২৪৯০/-(১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | বাণিজ্য বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশ। |
| ৩২. | রেন্ট কালেক্টর<br>৯৩০০-২২৪৯০/- (১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশ। |
| ৩৩. | প্রুফ রিডার (প্রেস)<br>৯৩০০-২২৪৯০/-(১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৩ (তিন)<br>স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসহ উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা আলীম পাশ। |
| ৩৪. | এপ্রেনটিস (প্রেস)<br>৯৩০০-২২৪৯০/-(১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৪ (চার)<br>স্থায়ী পদ | অষ্টম শ্রেণী পাস বা সমমানের মাদ্রাসা শিক্ষা (উচ্চতর শিক্ষাগত যোগ্যতাসম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে)। |
| ৩৫. | ইলেকট্রিশিয়ান<br>৯৩০০-২২৪৯০/-(১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০২ (দুই)<br>স্থায়ী পদ | স্বীকৃত ইলেট্রিক্যাল ফার্মে মটর ষ্টাটার এর ইলেকট্রিক্যাল যন্ত্রপাতি ওয়েলডিং কাজে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশ ইলেকট্রিক্যাল লাইসেন্সিং বোর্ড হতে বি,সি লাইসেন্সধারী। |
| ৩৬. | খাদেম<br>৯৩০০-২২৪৯০/-(১৬তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৮ (আট)<br>স্থায়ী পদ | আলীম পাশ। |
| ৩৭. | অডিও ভিজ্যুয়েল অপারেটর<br>৮৮০০-২১৩১০/-(১৮তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৫ (পাঁচ)<br>অস্থায়ী পদ | মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা দাখিল পাশসহ প্রজেক্টর পরিচালনায় এবং সংশ্লিষ্ট মেশিনপত্র সংরক্ষণে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা। |
| ৩৮. | মেস ক্লিনার<br>৮৫০০-২০৫৭০/-(১৯তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০১ (এক)<br>স্থায়ী পদ | অষ্টম শ্রেণি পাস বা সমমানের মাদ্রাসা শিক্ষা। |
| ৩৯. | অফিস সহায়ক<br>৮২৫০-২০০১০/-(২০তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ৮৫ (পচাঁশি)<br>অস্থায়ী পদ - ০২<br>স্থায়ী পদ - ৮৩ | অষ্টম শ্রেণি পাস বা সমমানের মাদ্রাসা শিক্ষা। |

| ক্রমিক নং | পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | বয়স | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ৪০. | নিরাপত্তা প্রহরী<br>৮২৫০-২০০১০/-(২০তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৯ (নয়)<br>স্থায়ী পদ | অষ্টম শ্রেণি পাস বা সমমানের মাদ্রাসা শিক্ষা। সামরিক বাহিনী, পুলিশ বাহিনী বা আনসার বাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যগণকে অগ্রাধিকার দেয়া হবে। |
| ৪১. | পরিচ্ছন্নতা কর্মী<br>৮২৫০-২০০১০/-(২০তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ১২ (বারো)<br>স্থায়ী পদ | অষ্টম শ্রেণি পাশ। ঝাড়ুদার সম্প্রদায়ের প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। |
| ৪২. | বাবুর্চি<br>৮২৫০-২০০১০/-(২০তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৭ (সাত)<br>স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসহ প্রার্থীকে বাংলায় লিখতে ও পড়তে সক্ষম হতে হবে। |
| ৪৩. | সহকারী বাবুর্চি<br>৮২৫০-২০০১০/-(২০তম গ্রেড) | অনূর্ধ্ব ৩২ বছর | ০৬ (ছয়)<br>স্থায়ী পদ | সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতাসহ প্রার্থীকে বাংলায় লিখতে ও পড়তে সক্ষম হতে হবে। |

০২। নিম্নবর্ণিত শর্তাবলী আবেদন ফরম পূরণ এবং পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে অত্যাবশ্যকীয়ভাবে অনুসরণীয় :

(১) প্রার্থীকে http://ifb.teletalk.com.bd এই লিংকে প্রবেশ করে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রবর্তিত নির্ধারিত আবেদনপত্র অনলাইনে পূরণ করে আবেদন করতে হবে।

(২) প্রযোজ্যক্ষেত্রে সরকার ঘোষিত সমমানের ডিগ্রী গ্রহণযোগ্য হবে।

(৩) অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী

(ক) আবেদনের সময়সীমা নিম্নরূপ :

(i) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ৩০ জুলাই ২০২৫ খ্রি. তারিখ সকাল ১০:০০ ঘটিকা

(ii) Online-এ আবেদনপত্র পূরণের শেষ তারিখ ও সময় : ২৬ আগস্ট ২০২৫ খ্রি. তারিখ বিকাল ০৫:০০ ঘটিকা পর্যন্ত।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS-এ পরীক্ষার ফি জমা দিবেন।

(খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ ১০০ KB ও স্বাক্ষরের সাইজ ৬০ KB এর মধ্যে হতে হবে।

(গ) Online আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

(ঘ) প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

(ঙ) SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান : Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit সম্পন্ন হলে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's Copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা/ঘষা মাজা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে আবেদন ফি জমা না দিয়ে থাকলেই কেবল পুনরায় (ওয়েবে) আবেদন করতে পারবেন। উল্লেখ্য যে, আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's Copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF Copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's Copy তে একটি User ID দেয়া থাকবে এবং User ID ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে আবেদন ফি বাবদ ক্রমিক নং-০১ থেকে ০৭ ক্রমিক এর জন্য আবেদন ফি বাবদ ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১৮ (আঠার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১৬৮ (একশত আটষট্টি) টাকা, ক্রমিক নং- ০৮ থেকে ৩৬ এর জন্য আবেদন ফি বাবদ ১০০/- (একশত) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ১২ (বার) টাকাসহ (অফেরতযোগ্য) মোট ১১২ (একশত বার) টাকা এবং ক্রমিক নং-৩৭ থেকে ৪৩ এর জন্য আবেদন ফি বাবদ ৫০/- (পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ বাবদ ৬ (ছয়) টাকা অফেরতযোগ্য অর্থাৎ মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে, সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও Teletalk এর সার্ভিস চার্জ ৬/-টাকাসহ (অফেরতযোগ্য) মোট ৫৬/-(ছাপ্পান্ন) টাকা অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, "Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও আবেদন ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।"

চ) একই পদের আবেদনে প্রযোজ্য ক্ষেত্রে স্থায়ী পদ/অস্থায়ী পদ উল্লেখ করতে হবে।

প্রথম SMS: IFB <Space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।

Example: IFB ABCDEF & send to 16222

Reply: Applicant's Name, TK. 223/112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To Pay Fee Type IFB<Space>Yes PIN and send to 16222.

দ্বিতীয় SMS: IFB <Space>Yes<Space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।

Example: IFB Yes 12345678 & send to 16222

Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for IFB Application for xxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxx)

(ঝ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি **http://ifb.teletalk.com.bd** ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থী প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

(ঞ) SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

(ট) শুধুমাত্র Teletalk Pre-Paid Mobile নম্বর থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

(i) User ID জানা থাকলে:

IFB <Space>**Help**<Space>**User**<Space>**User ID** and Send to 16222.

Example: IFB Help USER ABCDEF & send to 16222

(ii) PIN Number জানা থাকলে:

IFB <Space>**Help**<Space>**PIN**<Space>**PIN No** and Send to 16222

Example: IFB Help PIN 12345678 & send to 16222.

(ঠ) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর ওয়েবসাইটে www.islamicfoundation.gov.bd এ বিজ্ঞপ্তিসহ এ সংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR-Code স্ক্যান এর মাধ্যমে টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(ড) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ নম্বর অথবা alljobs.query@teletalk.com.bd ও ad1.admin@islamicfoundation.gov.bd মেইলে, এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (মেইল/মেসেজে এর Subject-এ Organization Name: islamicfoundation, Post Name:******, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)। আবেদনে উল্লিখিত শেষ তারিখ ও সময়ের পর আবেদন সংক্রান্ত কোন অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

(ঢ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

(৩) কোটা সংক্রান্ত সরকারের সর্বশেষ জারিকৃত প্রজ্ঞাপন অনুসরণ করা হবে।

(৪) একজন ব্যক্তি একই গ্রেডভুক্ত একাধিক পদে আবেদন করতে পারবেন না।(১-৫,৬-৭, ৮-১৪,১৫-১৯, ২০-২৭, ২৮-৩৬, ৩৯-৪৩)

(৫) বয়সসীমা : ১ জুলাই ২০২৫ খ্রি. তারিখে আবেদনকারীর ন্যূনতম ও সর্বোচ্চ বয়স হবে ১৮-৩২ বৎসর।

(৬) জাতীয়তা :

ক. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের প্রকৃত নাগরিক হতে হবে।

খ. সরকারের পূর্বানুমতি ব্যতিরেকে কোন প্রার্থী কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকলে বা বিবাহ করার জন্য প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদন করার জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন।

(৭) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিরত প্রার্থীগণকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনুমতির কপি প্রদর্শন করতে হবে।

(৮) মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র দাখিল করতে হবে :

ক) জাতীয় পরিপত্রের (NID) সত্যায়িত কপি ;

খ) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/২০০২খ্রি. তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদ অথবা ১৯৯৭ হতে ২০০১খ্রি. পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত ২ কপি অবশ্যই জমা দিতে হবে। উল্লেখ্য, মুক্তিবার্তা/গেজেটের ২টি করে সত্যায়িত কপি মুক্তিযোদ্ধা সনদের সঙ্গে দাখিল করতে হবে। মুক্তিযোদ্ধা সনদের ২টি সত্যায়িত ফটোকপির উপর প্রার্থীর নাম ও রোল নম্বর এবং মুক্তিবার্তা/গেজেট নম্বর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

গ) বাছাই/লিখিত/ব্যবহারিক পরীক্ষায় প্রবেশপত্রের কপি ;

ঘ) শারীরিক প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের সমাজসেবা অধিদপ্তরাধীন জেলা সমাজসেবা কার্যালয়/উপজেলা সমাজসেবা কার্যালয়/শহর সমাজসেবা কার্যালয় কর্তৃক প্রদত্ত পরিচয়পত্র (আইডি কার্ড) এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

ঙ) ০৩(তিন) কপি পাসপোর্ট সাইজের সদ্য তোলা সত্যায়িত রঙিন ছবি ;

চ) নাগরিক সনদের সত্যায়িত কপি ;

ছ) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোনো ডিগ্রিকে উল্লিখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের মূলকপি এবং সত্যায়িত কপি মৌখিক পরীক্ষার সময় সাক্ষাৎকার বোর্ডে অবশ্যই দাখিল করতে হবে।

(৯) ৭ নম্বর অনুচ্ছেদের বর্ণনামতে সকল তথ্য ও কাগজপত্রসহ সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সংক্রান্ত সার্টিফিকেটের মূল সনদপত্র এবং সত্যায়িত কপি ও ছবি মৌখিক পরীক্ষার বোর্ডে জমা দিতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

(১০) অনলাইন-এ পূরণকৃত মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরঙ্গনা/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

(১১) কোন প্রার্থী যদি ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি থেকে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বলে বিবেচিত হবেন না এবং তথ্য গোপন রেখে আবেদন করলে বিধি অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

(১২) আবেদনপত্রে নাম, জন্ম তারিখ ও অন্য কোনোরূপ Substantive ত্রুটি থাকলে পরবর্তী সময়ে সংশোধনের কোনো সুযোগ থাকবে না। Substantive ত্রুটির কারণে প্রার্থিতা বাতিল হবে।

(১৩) স্টেনোগ্রাফার পদের ক্ষেত্রে লিখিত পরীক্ষা এবং সাঁট-লিপি/মুদ্রাক্ষর/কম্পিউটার এ্যাপটিটিউট টেস্টে উত্তীর্ণ প্রার্থীরাই মৌখিক পরীক্ষার জন্য যোগ্য বিবেচিত হবেন।

(১৪) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/ বাতিল কিংবা বিধি মোতাবেক নিয়োগ সংক্রান্ত যে কোন পরিবর্তন করার অধিকার সংরক্ষণ করে।

(১৫) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার সময়সূচী www.islamicfoundation.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে। ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার জন্য আলাদাভাবে কোন সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হবে না।

(১৬) নিয়োগ সংক্রান্ত সকল বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৭) অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক পদে আবেদন এর ক্ষেত্রে বিভাগীয় প্রার্থীদের বয়স ৪০ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বিভাগীয় প্রার্থী তথা ইসলামিক ফাউন্ডেশনে কর্মরত প্রার্থীদের সকল শর্ত পূরণ সাপেক্ষে আবেদন ফরম পূরণের সময় Departmental Candidate এর ঘরে টিক চিহ্ন দিতে হবে। অন্য প্রার্থীদের ক্ষেত্রে এই শর্ত প্রযোজ্য নয়।

(১৮) প্রার্থীকে পরীক্ষা কেন্দ্রে স্বাস্থ্যবিধি মেনে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(১৯) ইসলামিক ফাউন্ডেশনের (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী বিধিমালা, ১৯৯৮ অস্পষ্টতা থাকলে প্রযোজ্য সরকারি বিধি বিধান অনুসরণ করা হবে।

(২০) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোনো অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

29.09.2022

মোহাম্মদ ইসমাইল হোসেন
সচিব
(যুগ্মসচিব)
ইসলামিক ফাউন্ডেশন

ইসলামিক ফাউন্ডেশন এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

ইসলামিক ফাউন্ডেশন এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code